চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৩ মে ২০১৮ খ্রি.

চাক্তাই খালের ধুনির পুল নির্মাণ কাজ পরিদর্শনে
মেয়র আ জ ম নাছির উদ্দীন

এডিপি এর অর্থায়নে ৩ কোটি ৬৭ লক্ষ ২০ হাজার টাকা ব্যয়ে ড্রেইন এপ্রোচ সহ ধুনির পুল নির্মিত হচ্ছে। ৩ মে ২০১৮খ্রি. বৃহস্পতিবার, বিকেলে, ধুনির পুল নির্মাণ কাজ সরেজমিনে দেখতে যান চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম মানিক, তত্বাবধায়ক প্রকৌশলী আনোয়ার হোছাইন ও মনিরুল হুদা, প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী ফরহাদুল আলম সহ সংশ্লিষ্ট প্রকৌশলীরা উপস্থিত ছিলেন। মেয়র জনভোগান্তি হ্রাসে নির্ধারিত সময়ের মধ্যে ব্রিজ,এপ্রোচ ও নালা নির্মাণ কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

চট্টগ্রাম- ০৩ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে চায়না'র রাষ্ট্রদূত এর সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে বাংলাদেশে নিযুক্ত চায়না'র রাষ্ট্রদূত Mr. Zhang Zuo ৩ মে ২০১৮খ্রি. বৃহস্পতিবার, দুপুরে, নগরভবনে সম্মেলন কক্ষে সৌজন্য সাক্ষাত করেন। চীনের মান্যবর রাষ্ট্রদূত নগরভবনের সম্মেলন কক্ষে উপস্থিত হলে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন তাকে ফুলেল শুভেচ্ছায় স্বাগত জানান এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার দেন। সৌজন্য বৈঠকে সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশের সাথে চীনের বন্ধুত্বপূর্ণ সুসম্পর্কের উপর গুরুত্বারোপ করে বলেন, বাংলাদেশের উন্নয়নের অংশীদার চীন। মেয়র কর্ণফুলী নদীর তলদেশে ট্যানেল নির্মাণে চায়নার সহযোগিতার জন্য রাষ্ট্রদূতের মাধ্যমে চীন সরকারকে ধন্যবাদ জানান। সিটি মেয়র চায়না কুনমিং সিটি'র সাথে চট্টগ্রাম সিটির টু ইন সিটির সম্পর্কের বিষয়টি তুলে ধরে বলেন, ইতোপূর্বে কুনমিং সিটির মেয়র চট্টগ্রামে সফর করেছিলেন। এ সময় মেয়র তার দায়িত্ব গ্রহন থেকে এ সময় পর্যন্ত গৃহিত উন্নয়ন কর্মকাণ্ডের নানাচিত্র ও তথ্য তুলে ধরে বলেন, চট্টগ্রাম উপকূলীয় এলাকা হিসেবে প্রাকৃতিক দুর্যোগের আশংকা রয়েছে। তিনি চট্টগ্রাম নগরীর নানামুখি উন্নয়ন কার্যক্রম বিশেষ করে শিক্ষা ও স্বাস্থ্য খাতে সেবার দিকগুলো উপস্থাপন করে বলেন, এ চট্টগ্রাম নিরাপদ শহর। চট্টগ্রাম বন্দরের মাধ্যমে ৯০% আমদানী-রপ্তানী সম্পাদিত হয়। চট্টগ্রাম বন্দর অর্থনীতির স্বর্ণদ্বার। ইতোমধ্যে চট্টগ্রাম বন্দর সম্প্রসারণ, নতুন টার্মিনাল নির্মাণ ও বে-টার্মিনাল নির্মাণসহ নানামুখি উন্নয়ন কার্যক্রম অব্যাহত আছে। চট্টগ্রামে গার্মেন্টসসহ নানা ক্ষেত্রে বিনিয়োগ, বার্মা থেকে আগত রোহিঙ্গা সমস্যা শান্তিপূর্ণ সমাধানের ক্ষেত্রে চীনের

সহযোগিতা, অবকাঠামো উন্নয়ন, চট্টগ্রামে গড়ে উঠা অর্থনীতিক জোনে বিনিয়োগ, সাংস্কৃতিক যোগাযোগ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন মেয়র। তিনি বলেন, বন্দরনগরী চট্টগ্রামকে দৃষ্টি নন্দন, নিরাপদ, সবুজ ও পরিচ্ছন্ন নগরী গড়ার প্রচেষ্টা চলছে।মেয়র চট্টগ্রামের সার্বিক উন্নয়নে চীনের সহযোগিতা চান।
চীনা রাষ্ট্রদূত Mr. Zhang Zuo বলেন, চট্টগ্রামে এসে আমি অভিভূত। নান্দনিক ও প্রাকৃতিক সৌন্দর্যের চট্টগ্রামে POWER PLANT, দুর্যোগ ব্যবস্থাপনা, গার্মেন্টস সহ নানান ক্ষেত্রে চীন বিনিয়োগে আগ্রহী। তিনি বিনিয়োগ বান্ধব চট্টগ্রামে চীনের বিবিধ খাতে বিনিয়োগে সিটি মেয়রের সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রদূত বলেন, বাংলাদেশ বিশেষ করে চট্টগ্রামের সাথে চায়নার বহুকাল থেকে সম্পর্ক সুনিবিড়। তিনি চট্টগ্রামের সার্বিক উন্নয়নে মেয়রের ভূমিকার ভূয়সী প্রশংসা করেন। সৌজন্য বৈঠকে উভয় দেশের স্বার্থ সংক্রান্ত নানাদিক নিয়েও আলোচনা হয়। এ সময় সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা মো. সাইফুদ্দিন, প্রধান পরিকল্পনাবিদ স্থপতি এ কে এম রেজাউল করিম, উপ সচিব আশেক রসুল চৌধুরী টিপু, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, চায়না রাষ্ট্রদূতের ব্যক্তিগত কর্মকর্তা Mr. Zhang Jian, চায়না দূতাবাসের কর্মকর্তা Mr. Xu Gaohang, সিআরআই এর সাংবাদিক Ms. Yu Guangyue সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৩ মে ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের মতবিনিময়

৩ মে ২০১৮খ্রি. বৃহস্পতিবার, দুপুরে, নগরভবনে সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় কর্ণফুলী ব্রিজ এলাকায় অস্থায়ী ভিত্তিতে টার্মিনাল নির্মাণ সহ নগরীতে বাস, ট্রাক ও কাভার্ড ভ্যান টার্মিনাল নির্মাণের দাবী জানান। মতবিনিময়ে মেয়র বলেন, টার্মিনাল নির্মাণের লক্ষে প্রকল্প অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে। মতবিনিময়ে প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ, চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের মহাসচিব আবুল কালাম আজাদ, কার্যকরী সভাপতি জহুর আহমদ, সাধারন সম্পাদক নুরুল ইসলাম চৌধুরী, অতিরিক্ত মহাসচিব গোলাম রসুল বাবুল, সহ সভাপতি মাহবুবুল হক মিয়া, সাংগঠনিক সম্পাদক মো. এনায়েত, অর্থ সম্পাদক মো. হাবিবুর রহমান, লুসাই পরিবহনের সাধারন সম্পাদক মো. সহিদুল ইসলাম শানু, যুগ্ম সাধারন সম্পাদক মো. সিরাজদ্দৌলা লিপু, লিটন মোটরর্স এর ব্যবস্থাপনা পরিচালক মো. ইকবাল হোসেন, পরিবহন নেতা সাহেদ নাঈম সুমন, মো. কলিম উল্লাহ সহ সংশ্লিষ্ট পরিবহন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ০৩ মে ২০১৮ খ্রি.

জীব বৈচিত্র সমীক্ষার প্রস্তাবনা মেয়র বরাবরে উপস্থাপন

রিসার্চ গ্রুপ অব বাংলাদেশ বিআরজিবি এর উদ্যোগে চট্টগ্রাম নগরীর জীব বৈচিত্র সমীক্ষার একটি প্রকল্প প্রস্তাবনা

৩ মে ২০১৮খ্রি. বৃহস্পতিবার, বিকেলে, নগরভবনে সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন এর বরাবরে উপস্থাপন করা হয়। প্রকল্প পরিচালক অধ্যাপক বদরুল আমিন ভুঁইয়া প্রস্তাবনাটি পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা,প্রধান প্রকৌশলী লে. কর্ণেল মহিউদ্দিন আহমেদ,বিআরজিবি'র অধ্যাপক নোমান আহমেদ সিদ্দিকী, ড. শেখ আবদুল মান্নান ও প্রফেসর ড.মোহাম্মদ এম মারুফ হোসেন উপস্থিত ছিলেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন